

তারিখ: 10/02/2017

হায়দ্রাবাদ, তেলেঙ্গানা স্থিত দ্য ক্যাথলিক কো-অপারেটিভ আরবান ব্যাঙ্ক লিমিটেড, - দন্ডপ্রাপ্ত হল

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (সমবায় সমিতির ক্ষেত্রে যথা প্রযোজ্য)—এর ধারা 47A(1) (b) তৎসহ পঠিত ধারা 46(4) —এর অধীনে তার উপর ন্যস্ত ক্ষমতাবলে নির্দেশক ও তাঁর আত্মীয়দের ঋণ এবং অগ্রিম প্রদান সম্পর্কিত ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের আদেশবিধি এবং নির্দেশিকা লঙ্ঘনের কারণে হায়দ্রাবাদ, তেলেঙ্গানা স্থিত দ্য ক্যাথলিক কো-অপারেটিভ আরবান ব্যাঙ্ক লিমিটেড-র উপর ₹ 1.00 লক্ষ (এক লক্ষ টাকা মাত্র)—এর আর্থিক জরিমানা আরোপ করল।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক উক্ত ব্যাঙ্কের প্রতি একটি ‘কারণ দেখাও’ নোটিশ জারি করেছিল, যাতে সাড়া দিয়ে উক্ত ব্যাঙ্ক একটি লিখিত জবাব পেশ করে। বিষয়টি সংক্রান্ত তথ্যাদি এবং ব্যাঙ্কটির সেই সম্পর্কিত জবাবটি বিবেচনা করে রিজার্ভ ব্যাঙ্ক এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে উক্ত বিধিলঙ্ঘন বিষয়টি বাস্তবিকভাবে প্রতিষ্ঠিত এবং জরিমানা আরোপ যথোপযুক্ত।

প্রেস প্রকাশনি: 2016-2017/2159

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা